maithan alloys ltd
ISO 9001 : 2008 COMPANY
Registered Office : Ideal Centre, 4th Floor
9, A.J.C. Bose Road, Kolkata - 700 017
T (033) 4063 2393 F (033) 2290 0383
E office@maithanalloys.com
W www.maithanalloys.com
CIN : L27101WB1985PLC039503

27th May, 2020

1]
**The Secretary**
**The Calcutta Stock Exchange Limited**
7, Lyons Range
Kolkata - 700 001
Scrip code: 10023915

2]
**Listing Department**
**National Stock Exchange of India Ltd.**
Exchange Plaza, Bandra-Kurla Complex,
Bandra (E), Mumbai - 400 051
Scrip code: MAITHANALL

**Sub: Submission of copies of newspaper advertisement pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.**

Dear Sir,

Please find enclosed herewith the copies of the Newspaper Advertisement published by the Company in the following newspapers on 26th May, 2020, regarding prior intimation for transfer of shares to the Investor Education and Protection Fund pursuant to the provisions of the Companies Act, 2013 read with the Investor Education and Protection Fund Authority (Accounting, Audit, Transfer and Refund) Rules, 2016, as amended.

- 'Business Standard (English Language); and
- 'Arthik Lipi' (Bengali Language).

This is for your information and record.

Thanking you,

Yours faithfully,

For **Maithan Alloys Limited**

Rajesh K. Shah
**Company Secretary**

Encl: a/a

cc: **The Corporate Relationship Department**
**BSE Limited**
1st Floor, New Trading Ring, Rotunda Building,
P.J. Towers, Dalal Street, Fort, Mumbai 400 001
Script Code: 590078

# Defence reforms: Indian manufacturers looking to ride the opportunity

SHALLY SETH MOHILE
Mumbai, 25 May



**IN INDIA'S DEFENCE**

- Mahindra Group will be investing in creating capacities for manufacturing once the government announces the list of items that can be sourced locally
- Net FDI inflows grew 14.2% in 2018-19
- India gives orders worth $100 billion a year for defence procurement, making it one of the world's most lucrative markets
- Increase in FDI limit by the govt from 49% to 74% will also cover strategic projects

The recent reforms announced in the defence sector are set to give clarity on the procurement strategy. This, in turn, will give Indian companies an opportunity to plan their investment and capacity, said executives of the Mahindra group and Larsen & Toubro (L&T).

Be it a separate budget for domestic capital procurement, stopping phase-wise import of equipment or sourcing the spares locally, all these measures will boost Make in India, they said. S P Shukla, group president — aerospace, defence, agri & steel sectors — at the Mahindra group, said, "What has been announced is a wholesome package with short, medium and long term elements. It will take the local procurement of parts and equipment upwards of 40 per cent."

Mahindra Group, which has presence in all the three segments of the defence sector, will be investing in creating capacities for manufacturing once the government announces the list of items that can be sourced locally. "Many of these items will be of interest to us," said Shukla.

Finance Minister Nirmala Sitharaman had announced a series of measures to boost investments in India's defence and aerospace sector last week as part of the tranche 4 of the ₹20 trillion economic stimulus.

Sitharman, who held the defence portfolio in the first Narendra Modi-led government, announced increase in foreign direct investment (FDI) limit in defence from the existing 49 per cent to 74 per cent.

Apart from the creation of a negative import list, the FM also made a separate budget allocation for acquiring indigenous capital goods. "Separate budgets for domestic purchase and imported goods are a welcome move and will allow Indian companies to plan capacity and production accordingly. Otherwise, one didn't know how much will be available for domestic procurement," said Shukla. He added that local procurement of spares will be yet another important step in creating strategic independence and reducing downtime and costs. It will benefit small and medium enterprises (SMEs) and also open avenues for exports for manufacturers, he said. As of now, there are no restrictions with regard to import of spares.

Agreed J D Patil, whole-time director (defence & smart technologies) and senior executive vice-president, L&T. He said, "This will bring in renewed focus on indigenous defence production as well as build confidence of Indian private sector companies to invest and build capability. It also provides assurance to the supply chain ecosystem of continued utilisation of built-up capacity. It is hoped that this part of the budget will grow in percentage share, year on year." It will protect the indigenous programmes that have seen repeated deferment, given the budget constraints caused by big-ticket government-to-government contracts that have been entered into as urgent requirements.

Patil said the local procurement of spares will open up significant opportunities, especially for ministry of micro, small & medium enterprises (MSMEs). The move would maximise indigenisation of imported spares with tie-ups with original equipment manufacturers (OEMs) instead of importing them. He added that the government should notify the list of banned weapons and platforms with well-defined phase and year-wise timelines in advance. This will provide a clear road map to the industry to build capacity and capability as well as foster indigenous research and development and innovation.

India gives orders worth $100 billion a year for defence procurement, making it one of the world's most lucrative markets. Net foreign direct investment (FDI) inflows grew 14.2 per cent in 2018-19. The top sectors attracting FDI equity inflows are services, automobiles and chemicals.

The increase in FDI limit from 49 per cent to 74 per cent will also cover strategic projects. These large projects could also be awarded to foreign companies. Therefore, Indian firms will have to compete and this could be an area of concern, he said.

# Nasscom for policy tweak to enable longer WFH scenario

NEHA ALAWADHI & DEBASIS MOHAPATRA
New Delhi/Bengaluru, 25 May



**Nasscom has asked for the abolition of other service providers under the Department of Telecommunications, under which certain kinds of work cannot be shifted to employees' homes**

IT industry body National Association of Software and Services Companies (Nasscom) has written to the government, asking for measures to support its member entities with the pandemic looking set to impact the industry in the near term.

Nasscom has asked for the abolition of OSPs (other service providers) under the Department of Telecom, under which certain kinds of work (such as voice calls) cannot be shifted to employees' homes. This will enable a longer term work-from-home (WFH) scenario, which several firms like Tata Consultancy Services have already spoken about.

While the industry has received an extension in relaxation of OSP norms until July 31, these have to be abolished altogether if WFH is to become a new normal. Keshav Murugesh, CEO of WNS Global Services, said: "Nasscom is already working with the government to leverage this crisis and create new models of engagement, including changing labour laws."

The complexities in asking for changes to labour laws will arise once it requires tinkering with aspects that fall under states' jurisdiction.

The key assumption in labour laws is that workers go to a physical workplace located in a given state. "Labour laws are on the concurrent list of the Constitution, and hence regulatory requirements differ from state to state. For example, professional tax is a state subject. If I am an employer in Pune and my employees are working from home in Lucknow, Chennai and Indore, then would I have to get a professional tax registration and pay the same in all four states?" said Rishi Agrawal, co-founder and CEO of Avantis Regtech (a TeamLease firm).

He added that of 18 states having a professional tax requirement, 16 allow filing of tax electronically, while Gujarat and Tamil Nadu have a manual process. This means that to file professional tax for employees working in different districts of these two states, a company potentially has to ask a consultant to file taxes manually in each district. Similarly, Labour Welfare Fund and minimum wages are state subjects.

**Extending SEZ, tax norms**

Extending the Special Economic Zones policy has been a key ask of Nasscom since last year, with the sunset clause having expired in March 2020. The industry has received a few months' extension, but has asked for further extension of five years. At present, IT firms based in SEZs are mandated to collect their payment in foreign exchange for delivery of services to domestic tariff-based customers.

# Day 1: Quality checks, senior pilots for flights

ANEESH PHADNIS
Mumbai, 25 May

Airlines went the extra mile to ensure safe operations on Day 1 of service resumption, deputing senior most pilots for flights, and carrying out engineering audit of their aircraft.

"We have instructed only captains will carry out take-off and landings on the first day. First officers will do the monitoring of cockpit instruments and radio calls," said Captain Manish Uppal, head of operations, AirAsia India.

Domestic operations were suspended on March 24. While cargo and relief operations are underway, a majority of aircraft had to be maintained in proper condition.

Regulations require pilots and crew to undergo refresher training annually. Pilots are also required to perform at least three take-offs and landings in 90 days. Simulator training is required in case a pilot has not flown in the past 90 days. While the Director General of Civil Aviation has given certain relaxations, airlines are ensuring their pilots are abreast with requirements.


Last week, IndiGo carried out a few training flights for its pilots to allow them to take-off and land. Its pilots underwent online courses because of the long gap in flying.

Alliance Air Chief Executive Officer C S Subbiah said the engineering department carried out a quality check and audit of the airline's 19 ATR planes before resuming operations. "We developed online training modules for our staff and around 85 per cent of them have completed the courses. We also started simulator training for pilots last week," said Uppal.

Simulator training could be carried out only after receiving permission from the government since all educational and training establishments are closed. "Vistara rostered highly experienced senior management pilots as well as instructors for the first few days of operations. Additionally, all crew are current with regards to their recency," an airline spokesperson said.

# *New emissions blow for VW as German court backs damages claims*

ILONA WISSENBACH
Karlsruhe (Germany), 25 May



**The emissions scandal has cost Volkswagen more than €30 bn**

Volkswagen must pay compensation to owners of vehicles with rigged diesel engines in Germany, a court ruled on Monday, dealing a fresh blow to the automaker almost five years after its emissions scandal erupted.

The ruling by Germany's highest court for civil disputes, which will allow owners to return vehicles for a partial refund of the purchase price, serves as a template for about 60,000 lawsuits that are still pending with lower German courts.

Volkswagen admitted in September 2015 to cheating emissions tests on diesel engines, a scandal which has already cost it more than €30 billion ($33 billion) in regulatory fines and vehicle refits, mostly in the United States (US).

US authorities banned the affected cars after the cheat software was discovered, triggering claims for compensation. But in Europe vehicles remained on the roads, leading Volkswagen to argue compensation claims there were without merit. European authorities instead forced the company to update its engine control software and fined it for fraud and administrative lapses. Volkswagen said on Monday it would work urgently with motorists on an agreement that would see them hold on to the vehicles for a one-off compensation payment. It did not give an estimate of how much the ruling by the German federal court, the Bundesgerichtshof (BGH), might cost it. Volkswagen shares were 0.9 per cent lower at 11.48 IST. The BGH's presiding judge had signalled earlier this month he saw grounds for compensation.

**Costs mount**

"The verdict by the BGH draws a final line. It creates clarity on the BGH's views on the underlying questions in the diesel proceedings for most of the 60,000 cases still pending," Volkswagen said.

A lower court in the city of Koblenz had previously ruled the owner of a VW Sharan minivan had suffered pre-meditated damage, entitling him to reimbursement minus a discount for the mileage the motorist had already benefited from. The court at the time said he should be awarded €25,600 for the used-car purchase he made for €31,500 in 2014.

"We have in principle confirmed the verdict from the Koblenz upper regional court," said BGH presiding federal judge Stephan Seiters.

Volkswagen had petitioned for the ruling to be quashed altogether by the higher court, while the plaintiff had appealed to have the deduction removed. A Volkswagen spokesman said outside Germany, more than 100,000 claims for damages were still pending, of which 90,000 cases were in Britain.

The carmaker also said it had paid out a total of €750 million to more than 200,000 separate claimants in Germany who had opted against individual claims and instead joined a class action lawsuit brought by a German consumer group. The carmaker said last month it would set aside a total of 830 million for that deal. In a separate court, Volkswagen agreed last week to pay €9 million to end proceedings against its chairman and chief executive, who were accused of withholding market-moving information before the emissions scandal came to light. **REUTERS**

## Germany to take Lufthansa stake in $9-bn bailout

Germany will offer Deutsche Lufthansa AG a €9 billion ($9.8 billion) bailout that thrusts the state back into the heart of a company privatised with fanfare two decades ago. The aid package involves taking an initial 20 per cent stake that could rise to a blocking minority of 25 per cent plus one share in the event of a hostile takeover, the carrier said on Monday. The plan, which requires European Union approval and will almost certainly be challenged by rival airlines such as Ryanair Holdings, gives Germany an effective veto over company strategy. **BLOOMBERG**

## 40% tourism firms staring at complete shutdown in next 6 months: Report

Around 40 per cent travel and tourism companies may shut down in the next 3 to 6 months, said a report on Monday when domestic flights resumed in the country after a week-long lockdown to contain the coronavirus. Also, 36 per cent of such firms are likely to witness a temporary shutdown, according to the report by BOTT Travel Sentiment Tracker in partnership with seven national associations like IATO, TAAI, ICPB, ADTOI, OTOAI, ATOAI and SITE. The report said that 81 per cent travel and tourism firms have lost their revenue up to 100 per cent while 15 per cent of the firms have witnessed it slide up to 75 per cent. **PTI**


**maithan alloys ltd**

**CIN: L27101WB1985PLC039503**

**Regd. Office:** 'Ideal Centre', 4th Floor, 9 AJC Bose Road, Kolkata – 700 017

**E-mail:** office@maithanalloys.com; **Website:** www.maithanalloys.com

**Phone No.:** 033-4063-2393; **Fax No.:** 033-2290-0383

**NOTICE**

**NOTICE** is hereby given to the Members of the Company pursuant to Section 124(6) of the Companies Act, 2013 read with Rule 6(3) of the Investor Education and Protection Fund Authority (Accounting, Audit, Transfer and Refund) Rules, 2016, as in force (herein after referred as 'the Rules') that all the equity shares of the Company in respect of which dividend has remained unpaid or unclaimed for seven consecutive years are required to be transferred to the Investor Education and Protection Fund (IEPF) .

Members who have not claimed / encashed their dividend for seven consecutive years can write to Maithan Alloys Ltd., at 4th Floor, Ideal Centre, 9, A. J. C. Bose Road, Kolkata-700017 (e-mail: investor@maithanalloys.com) or to our Registrar and Share Transfer Agent, M/s. Maheshwari Datamatics Pvt. Ltd. at 5th Floor, 23, R. N. Mukherjee Road, Kolkata - 700001 to claim their dividend at the earliest, failing which Company shall be constrained to transfer their equity shares to the IEPF, as per the procedure provided in the Rules.

The Company has also served Notice to the Member(s) concerned at their latest available address along with the details of unpaid / unclaimed dividend, advising them to claim their dividends expeditiously to avoid transfer of their shares to the IEPF.

A statement containing the name of such Member(s) and their folio number or DP ID-Client ID are available at Company's website at **www.maithanalloys.com** for information and necessary action of the Member(s) concerned.

In the event of transfer of shares by the Company to the IEPF, the Member(s) concerned may claim their shares by following the procedure as prescribed in the Rules.

For **Maithan Alloys Limited**
Rajesh K Shah
**Company Secretary**

Place: Kolkata
Date: 23rd May, 2020



भारतीय विमानपत्तन प्राधिकरण
AIRPORTS AUTHORITY OF INDIA

**e - TENDER NOTICE**

Airports Authority of India invites item rate e-Tender for the work of "**Environmental Support Services (Up-Keeping) at ATS Block NSCBI Airport Kolkata.**" at an estimated cost of **Rs. 2,23,08,000/- (Two crore Twenty-three lac Eight Thousand only) (Excluding GST)** with completion period of **3 years.** Tender Fees shall be paid up to **18:00** hrs. on **22.06.2020**. Last dated of submission of e-bid through portal is up to **18:00 hrs.** on **16.06.2020**. For details information log on to website **www.aai.aero** or **www.airportsindia.org.in** or **https://etenders.gov.in/eprocure/app**. Further clarification / corrigendum in this regard, if any, will be put up on AAI website.



**EICHER**

**EICHER MOTORS LIMITED**

**CIN : L34102DL1982PLC129877**

**Regd. Office:** 3rd Floor-Select Citywalk, A-3 District Centre, Saket, New Delhi-110017

**Corp. Office:** #96, Institutional Area, Sector 32, Gurugram-122001, Haryana

**Telephone**: +91 124-4415600

**Website:** www.eichermotors.com,

**Email:** investors@eichermotors.com

**NOTICE**

Pursuant to Regulation 29 & 47 of the SEBI (LODR) Regulations, 2015, notice is hereby given that a meeting of the Board of Directors of the Company will be held on Friday, June 12, 2020, inter-alia, to:

(i) consider and approve audited standalone and consolidated financial statements for the financial year ended March 31, 2020;

(ii) consider and approve audited standalone and consolidated financial results for the fourth quarter and financial year ended March 31, 2020 (prepared pursuant to SEBI (LODR) Regulations, 2015);

(iii) consider and approve sub-division/split of equity shares of face value of Rs. 10 each of the Company in such manner as may be determined by the Board of Directors.

The above intimation is also available on Company's website www.eichermotors.com and also on the website of stock exchanges i.e. NSE-www.nseindia.com and BSE-www.bseindia.com.

**For Eicher Motors Limited**
Sd/-
**Manhar Kapoor**
**General Counsel & Company Secretary**

Date : 25.05.2020
Place : Gurugram, Haryana



**HDFC**

**AUDITED CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE YEAR ENDED MARCH 31, 2020**

₹ in Crore

| PARTICULARS | Quarter ended March 31, 2020 | Year ended March 31, 2020 | Quarter ended March 31, 2019 |
|---|---|---|---|
| | Audited | | |
| Total income from operations (net) | 16,600.08 | 1,01,725.71 | 28,747.30 |
| Net Profit for the period (before tax, Exceptional and/or Extraordinary items) | 4,950.93 | 26,193.25 | 6,105.69 |
| Net Profit for the period before tax (after Exceptional and/or Extraordinary items) | 4,950.93 | 26,193.25 | 6,105.69 |
| Net Profit for the period after tax (after Exceptional and/or Extraordinary items) | 4,341.58 | 22,826.47 | 4,811.28 |
| Total Comprehensive income for the period | (1,614.48) | 16,613.05 | 4,942.74 |
| Equity Share Capital | 346.41 | 346.41 | 344.29 |
| Reserves (excluding Revaluation Reserve) | | 1,26,132.75 | |
| Earnings Per Share (of ₹ 2 each) | | | |
| Basic : (₹) | 22.01 | 124.14 | 26.15 |
| Diluted: (₹) | 21.93 | 123.19 | 26.00 |

The key data relating to standalone results of Housing Development Finance Corporation Limited is as under:

₹ in Crore

| PARTICULARS | Quarter ended 31.03.2020 | Year ended 31.03.2020 | Quarter ended 31.03.2019 |
|---|---|---|---|
| Total Income | 11,981.66 | 58,763.34 | 11,586.58 |
| Profit Before Tax | 2,692.44 | 20,350.92 | 3,690.89 |
| Tax Expense | 459.91 | 2,581.27 | 829.31 |
| Net Profit After Tax | 2,232.53 | 17,769.65 | 2,861.58 |
| Total Comprehensive Income | (3,779.65) | 11,117.34 | 2,822.89 |

Note:

1. The above results for the year ended March 31, 2020, which have been subjected to audit by the Auditors of the Corporation, were reviewed by the Audit and Governance Committee of Directors at its meeting held on May 25, 2020 and subsequently approved by the Board of Directors at its meeting held on May 25, 2020, in terms of Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.
2. The above is an extract of the detailed format of the Financial Results filed with the BSE Limited and National Stock Exchange of India Limited under Regulation 33 of the SEBI (Listing Obligation and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Financial Results are available on www.bseindia.com, www.nseindia.com and www.hdfc.com

For and on behalf of the Board of Directors

Place: Mumbai
Date: May 25, 2020

**Keki M Mistry**
Vice Chairman & CEO

HDFC
HOUSING DEVELOPMENT FINANCE CORPORATION LIMITED
WITH YOU, RIGHT THROUGH

Visit us at www.hdfc.com

**Registered Office:** Ramon House, H. T. Parekh Marg, 169, Backbay Reclamation, Churchgate, Mumbai 400 020.
Tel: 022-2282 0282, 6631 6000. Fax: 022-2281 1205. Email: investorcare@hdfc.com CIN: L70100MH1977PLC019916

# অর্থনৈতিক মহামারী

**সায়ন হাজরা:** স্বপ্নের ফেরিওয়ালা এসেছিলো স্বপ্ন ফেরি করতে। হ্যা ফেরিওয়ালাই বটেন উনি। কোথাও গিয়ে যুদ্ধের অস্ত্র ফেরি করেন, কোথাও বিদেশী পুঁজির ফেরি করেন আবার কোথাও উনি কূটনীতির বার্তা ফেরি করেন। তাই পৃথিবীর সব থেকে উন্নত দেশের রাষ্ট্রপতি হয়েও তিনি একজন ফেরিওয়ালাই।

আশা করি এতোক্ষনে সবাই উপলব্ধি করতে পেরেছে আমরা কার কথা বলতে চাইছি, হ্যা আমরা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম সম্পর্কেই বলছি। একবিংশ শতকের ভারতবর্ষে আগত সব থেকে গুরুত্বপূর্ণ ব্যক্তি, যার জন্য আমাদের দেশীয় সরকার বিশ্বের চোখে কংক্রিটের ঠুলি পরিয়ে ছিল আহমেদাবাদের রাস্তায় শুধু মাত্র মেক ইন ইন্ডিয়ার গরীবি ঢাকতে। গরিবের চোখে, বেকারের চোখে হাজার কোটির পুঁজির যোগান দিয়ে রুটি রুজির সংস্থানের স্বপ্ন দেখানো ফেরিওয়ালা আজ নিজের দেশে করোনা আক্রান্তের সংখ্যা সামলাতে হিমশিম খাচ্ছে, আর মাঝে মাঝে এতো কোটি বেকারের দেশ কে দেখে নেবার হুমকি দিচ্ছে। সেদিন যে বেকার কর্মের স্বপ্ন, রুটির স্বপ্ন, রুজির স্বপ্ন দেখেছিলো আজ সে শুধুই ব্যর্থতা আর বেকারত্বের দুঃস্বপ্ন দেখতে দেখতে স্বপ্ন দেখায় ছেড়ে দিয়েছে।মোদীজির ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থা এই এতো কিছুর পরও একটা কালোদিন দেখবে, শুধু ভারতীয় অর্থনীতি নয় বিশ্ব অর্থনীতি ও দেখবে আর্থিক মহামন্দা।

একবিংশ শতাব্দী তে প্রথম বিশ্বের উন্নত আর উন্নয়নশীল দেশ গুলো একসাথে দেখবে অর্থনৈতিক মন্দা, অর্থনৈতিক মহামারী। ওয়ার্ল্ড ইকোনোমিক আউটলুক এর সমীক্ষা বলছে ২০২০ সালের মোট বৃদ্ধি ৬.৩ শতাংশথেকে কমে ৩ শতাংশ এ গিয়ে ঠেকবে। বিশ্বের মোট উৎপাদন বা গ্রস ওয়ার্ল্ডস প্রোডাক্ট এর ৩৫.৭৯ শতাংশশেয়ার প্রদান করে থাকে আমাদের এশিয়া মহাদেশ, তার ভেতর আমাদের দেশ জি.ডাব্লিউ. পি তে শেয়ার করে ৩.২৮ শতাংশ, এই লক ডাউন পরিস্থিতিতে যার উৎপাদন এখন শুন্য বললেই চলে। ওয়ার্ল্ড ইকোনোমিক আউটলুক এর সমীক্ষা আরো জানাচ্ছে যে বিশ্বের জি. ডাব্লিউ.পি-র পুঞ্জীভূত লোকসানের পরিমান এই করোনা মহামারীর কারণে ২০২০-২১ ও ২০২১-২২ সালেই ৯ লক্ষ কোটি মার্কিন ডলার ছাড়াবে। আর্থিক বিপর্যয় যে কিভাবে নেমে আসবে আর তার ভয়াবহতা যে কি হবে তা দিনের আলোর মতোই পরিষ্কার। আমাদের প্রধানমন্ত্রীর ঘনিষ্ট বন্ধু ট্রাম্প সাহেবের দেশের অবস্থা এই মহামারীতে কি তা আজকাল আমরা সোশ্যাল মিডিয়া আর টেলিভিসন এর মাধ্যমে জানতেই পারি তাই তিনি আজ আর তার ফেরির ঝুড়ি নিয়ে বিশ্ব ভ্রমণে বেরোন না, রাষ্ট্র তার দায়িত্ব ভার সঠিক ভাবে গ্রহণ না করলে যে এই মহামারী কি ভয়াবহ হতে পারে তার প্রকৃষ্ট উদাহরণ ট্রাম্প বণিকের দেশ মার্কিন মুলুক।


একদল অর্থনৈতিক গবেষক জানাচ্ছেন আমাদের দেশেই প্রতিদিন লক ডাউন এর কারণে ৩৫ হাজার কোটি টাকা জি.ডি.পি নষ্ট হচ্ছে। আইটি সেক্টর সহ প্রতিটি সংগঠিত ক্ষেত্রেই প্রায় শ্রমিক ছাঁটাই হচ্ছে। দুনিয়ার করে খাওয়া মানুষের ৮১ শতাংশঅর্থাৎ প্রায় ২৭০ কোটি শ্রমিক কর্মচারী ক্ষতিগ্রস্থ হবে বলে দাবি করছেন আন্তর্জাতিক শ্রম ও শ্রমিক সংগঠনের তরফে। তাই রাষ্ট্র/রাজ্য সরকার গুলো এই অসময়ে পরিকল্পনা মাফিক ভাবে এই বিশ্ব কে যদি কবির মতোই শ্রমিকের বাসযোগ্য করে তুলতে পারে তবেই হবে শ্রমের সঠিক মূল্যায়ন নচেৎ করোনা মহামারীর পর ক্ষুধা আর অর্থনৈতিক মহামারী আসন্ন।

# আমফানের প্রভাবে মেট্রো রেলওয়ের নোয়াপাড়া কারশেডের কোনও ক্ষতি হয়নি




কলকাতা, ২৫ মে: মারাত্মক ঘূর্ণিঝড়ের পরে নোয়াপাড়া কারশেডে এখনও পর্যন্ত কোনও ক্ষয়ক্ষতি শনাক্ত করা যায়নি। গত বুধবারে অর্থাৎ ২০.০৫.২০২০ তে আম্ফান কলকাতাকে বিধ্বস্ত করেছিল। নিকটবর্তী দম দমে বাতাসের গতি ১৩৩ কিলোমিটার/ঘন্টা বেগে পৌঁছে সত্ত্বেও, মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষের দুর্দান্ত প্রাক-শৈলীর উদ্যোগের কারণে নোয়াপাড়া কার্শেড অপ্রত্যাশিত থেকে যায়। ঘূর্ণিঝড় চলাকালীন বিনামূল্যে ঘূর্ণায়মান রোধ করার জন্য অ্যাসি এবং নন-এসি উভয়ই অ্যাসি এবং নন-এসি রাখা হয়েছিল কার্শেডের ভিতরে নিরাপদ স্থানে কার্শেডের সমস্ত মূল্যবান বৈদ্যুতিক এবং যান্ত্রিক সরঞ্জামগুলির যথাযথ যত্নও প্রকৃতির ক্রোধ থেকে তাদের কোনও ক্ষতি যাতে না ঘটে সে জন্যও ব্যবস্থা নেওয়া হয়েছিল।

# অভাবী মানুষদের খাবার বিতরণ করছে পূর্ব রেলের আরপিএফ



*হাওড়া স্টেশনের পার্শ্ববর্তী এলাকায় পূর্ব রেলের আরপিএফ।*

কলকাতা, ২৫ মে, ২০২০ : দরিদ্র ব্যক্তিদের কল্যাণে পূর্ব রেলের উদ্যোগের অংশ হিসাবে, আরপিএফ/পূর্ব রেল কোভিড-১৯ মহামারীজনিত কারণে জাতির প্রশস্ত লকডাউন অনুসরণ করে অভাবী লোকদের রান্না করা খাবার এবং খাবারের আইটেম সরবরাহ করে চলেছে। খাবারটি আরপিএফ/এনজিও এবং আইআরসিটিসি দ্বারা প্রস্তুত করা হচ্ছে এবং প্রতিদিনই আরআরএফ কর্মীরা পূর্ব রেলের সমস্ত এখতিয়ারে বিতরণ করছেন। আজ (২৫.৫.২০২০), পূর্ব রেলের আরপিএফ ফেয়ারলি প্লেস, হাওড়া, শিয়ালদহ, বিধাননগর, পার্ক সার্কাস, রানাঘাট, বহরমপুর, শ্রীরামপুর, তারকেশ্বর, আসানসোল, কালীপাহারী, ডুমকা ইত্যাদি বিভিন্ন জায়গায় ২১৫২ জনের মধ্যে রান্না করা খাবার (মধ্যাহ্নভোজ) বিতরণ করেছে তদুপরি, পূর্ব রেলের নেটওয়ার্কের বিভিন্ন স্থানে আরপিএফ কর্মীদের দ্বারা অনাহারে থাকা লোকদের মাঝে বিতরণের জন্য আজ মোট ২৫০ জনের খাবারের ব্যবস্থা করা হচ্ছে। সর্বত্র সামাজিক দূরত্ব এবং অন্যান্য সমস্ত স্বাস্থ্যকর নিয়ম বজায় রাখা হচ্ছে।

# গাড়ি বিক্রি নেই, উৎপাদন বন্ধ, শুধু গুরুগ্রামের অটো হাবেই ছাঁটাই হতে পারে ৩০ লক্ষ কর্মী

**হরিয়ানা, ২৫ মে:** দেশে করোনাভাইরাসের প্রকোপ ছড়িয়ে পড়ার আগে থেকেই ধুঁকছিল গাড়ি শিল্প। শুরু হয়েছিল কর্মী সংকোচন। সেই সঙ্কট কাটার আগেই দেশে করোনাভাইরাসের প্রকোপ। দু'মাসেরও বেশি টানা লকডাউনের জেরে সেই অটোমোবাইল শিল্পে অশনি সঙ্কেত। বিক্রি নেই, উৎপাদন বন্ধ। ফলে চলছে বিপুল হারে কর্মী ছাঁটাই। শুধুমাত্র হরিয়ানার গুরুগ্রামের অটোমোবাইল হাবেই ২০ থেকে ৩০ লক্ষ মানুষ চাকরি খোয়াতে পারেন বলে আশঙ্কা করছে শিল্প মহল। আরও অন্তত ছ'মাসের মধ্যে ঘুরে দাঁড়ানোর সম্ভাবনা তো নেই-ই, বরং সঙ্কট আরও গভীর হতে চলেছে বলেই আশঙ্কা করছেন সংশ্লিষ্ট মহলের বিশেষজ্ঞরা।সবচেয়ে বেশি কোপ পড়ছে অস্থায়ী কর্মীদের উপর। কারণ, তাঁদের ছাঁটাই করার ক্ষেত্রে আইনি বাধ্যবাধ্যকতা নেই সংস্থাগুলির। উপরন্তু স্থায়ী কর্মীদেরও কাজ থেকে ছাড়িয়ে দিয়েছে অনেক সংস্থা। সব মিলিয়ে সঙ্কট ক্রমেই গভীর থেকে গভীরতর হচ্ছে। কর্মী ইউনিয়নগুলি এই সব শ্রমিকের পাশে দাঁড়ালেও তারাও কার্যত পরিস্থিতির কাছে অসহায়।গুরুগ্রাম-মানেসর-বাওয়াল-কে ঘিরে গড়ে উঠেছে দেশের অটোমোবাইল হাব। মারুতি, হিরো, হন্ডা থেকে শুরু করে অধিকাংশ গাড়ি শিল্পের প্রধান উৎপাদন ক্ষেত্র এই সব এলাকাতেই রয়েছে। এ ছাড়া এই অটোমোবাইল শিল্পকে ঘিরে গড়ে উঠেছে প্রচুর সহযোগী সংস্থা। এই হাবে কর্মসংস্থান হয় প্রায় ৬০ লক্ষ মানুষের। আর সারা দেশে সংখ্যা প্রায় ১ কোটি ৪০ লক্ষ। হরিয়ানার বণিকসভা সিআইআই-এর 'ইজ অব ডুইং বিজনেস'-এর চেয়ারম্যান হরভজন সিংহের মতে, লকডাউনের ক্ষত এই অটোমোবাইল হাবে আগ্রাসী রূপ নিয়ে ধেয়ে এসেছে। তিনি বলেন, ''অটোমোবাইল শিল্প অন্তত ৫০ শতাংশ সংকুচিত হতে চলেছে। তার প্রভাব অবশ্যই কর্মসংস্থানে পড়বে। সব 'অরিজিনাল ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারার্স' (ওইএম)-এর বিক্রি তলানিতে নেমে গিয়েছে। বিক্রি কমলে উৎপাদনও কমবে। আর উৎপাদন না হলে কর্মীদের উপর কোপ পড়বেই। কারণ কর্মীদের বসিয়ে মাইনে দেওয়া সম্ভব নয়। কর্মী ছাঁটাই হতে পারে ৩০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত।'' আশঙ্কা প্রকাশ করে তিনি বলেন, ''চার জন করে এক একটি পরিবার ধরলে সারা দেশে বিপুল সংখ্যক মানুষ সমস্যার সম্মুখীন হবেন।''লকডাউনের জন্য কর্মী ছাঁটাই করেছে এমন বহু সংস্থার মধ্যে রয়েছে বেলসোনিকা অটো কমপোনেন্ট ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড। মারুতির অন্যতম 'ভেন্ডর' এই সংস্থার ১৩০০ কর্মীর মধ্যে ৩০০ অস্থায়ী কর্মীকে ইতিমধ্যেই ছেঁটে ফেলেছে। বেলসোনিকার মানবসম্পদ বিভাগের জেনারেল ম্যানেজার রমেশ কুণ্ডু জানিয়েছেন, উৎপাদন ১৫ শতাংশ কমে গিয়েছে। জুলাইয়ে সেটা পৌঁছে যেতে পারে ৪০ শতাংশে। তিনি বলেন, ''লকডাউনের মধ্যে যে বকেয়া হয়েছিল, স্থায়ী ও অস্থায়ী মিলিয়ে গুরুগ্রামের সব কর্মীকে তা মিটিয়ে দেওয়া হয়েছে। কিন্তু উৎপাদন ছাড়া কর্মীদের রাখা কঠিন।'' 'রিকো অটো ইন্ডাস্ট্রিজ লিমিটেড' আবার ১১৯ জন স্থায়ী কর্মীকেও ছেঁটে ফেলেছে। তবে আইনি পথে লড়াইয়ের সিদ্ধান্ত নিয়েছে এই সংস্থার কর্মী সংগঠন। ইউনিয়নের সভাপতি রাজ কুমার জানিয়েছেন, ৭০ শতাংশ স্থায়ী কর্মীকে ছাঁটাই করেছে। তিনি বলেন, ''আমরা এই বিরুদ্ধে শ্রম দফতরে অভিযোগ জানাব।'' তবে সংস্থার আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করা যায়নি। শ্রমিক সংগঠন 'ইনকিলাবি মজদুর কেন্দ্র'-এর কেন্দ্রীয় কমিটির সদস্য শ্যামবীর শুক্লার মতে, লকডাউনের জেরে সংস্থাগুলি কর্মী ছাঁটাইয়ের অজুহাত পেয়েছে। এতে শ্রমিকদের উপর শোষণ আরও বাড়বে।কিন্তু এই সঙ্কট যে অদূর ভবিষ্যতে কাটার নয়, তা এখনই মনে করছেন বিশেষজ্ঞরা। তাঁদের মতে, করোনাভাইরাসের জন্য নতুন নিয়মে (সামাজিক দূরত্ব বজায় রাখতে পুরো কর্মীকে এক শিফটে কাজ করানো যাবে না) মালিকপক্ষ চাইলেও উৎপাদন ১০০ শতাংশ করতে পারবেন না। তা ছাড়া পরিযায়ী শ্রমিকরা ফিরে যাওয়ায় দক্ষ শ্রমিকের অভাব রয়েছে। অধিকাংশ সংস্থাই ১০ থেকে ৪০ শতাংশ উৎপাদন করছে। পুরোদমে স্বাভাবিক প্রক্রিয়ায় উৎপাদন শুরু হতে সংস্থা ভেদে আরও অন্তত ৩ থেকে ৬ মাস সময় লাগবে। আবার প্রতিটি পণ্যই চাহিদাভিত্তিক। লকডাউনের জেরে মানুষের আয় কমেছে। ফলে বিলাসিতা ভোগ্যপণ্যে মানুষ খরচ করতে চাইবে না। সব মিলিয়ে পর্যটন, বিমান পরিবহণের চেয়েও অটোমোবাইল সেক্টর সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হতে চলেছে বলে মনে করছেন বিশেষজ্ঞরা।




# সিপিসি ডায়াগনস্টিক্স প্রথম আইসিএমআর অনুমোদিত কোভিড-১৯ সিএলআইএ অ্যান্টিবডি পরীক্ষা ভারতে প্রবর্তন করছে

**স্টাফ রিপোর্টার-** সিপিসি ডায়াগনস্টিক্স ('সিপিসি), চেন্নাই, এভারস্টোন সমর্থিত স্বাস্থ্যসেবা প্ল্যাটফর্ম এভারলাইফ হোল্ডিংস পিটিই লিমিটেড ('এভারলাইফ) একটি পোর্টফোলিও সংস্থা, ভারতে সারস কোভ-২আইজিএম এবং সারস কোভ-২আইজিজি প্রবর্তন করেছে। উভয়ই ঋক্ক-অনুমোদিত অ্যান্টিবডি পরীক্ষা এবং ইন্ডিয়ান কাউন্সিল মেডিক্যাল রিসার্চ দ্বারা অনুমোদিত হওয়া প্রথম এই ধরণের পরিষেবা এটি। সিএলআইএ -ভিত্তিক পরীক্ষাগুলি, শেনজেন ভিত্তিক ওয়াইলোবায়োটেক কোং লিমিটেড দ্বারা তৈরি, সম্পূর্ণ স্বয়ংক্রিয় বিশ্লেষক আইফ্ল্যাশ ১৮০০/৩০০০দ্বারা পরিচালিত হয়, আইজিজি এবং আইজিএমের জন্য যথাক্রমে ৯৭.৩ শতাংশ এবং ৮৬.১ শতাংশ এর সংবেদনশীলতা এবং৯৬.৩ শতাংশ ও ৯৯.২ শতাংশ এর সুনির্দিষ্টতা প্রস্তাব করে। আইজিএম পরীক্ষার মাধ্যমে সংক্রমণের পরে যত দ্রুত সম্ভব ৭তম দিনের মধ্যে রোগ সনাক্ত করা সক্ষম।

আইফ্ল্যাশ সিস্টেম মানবীয় ত্রুটি হ্রাস করে, যখন অনেক বেশি পরিমাণ পরীক্ষা করা হয়,যদিও বিশ্লেষক মডেলের উপর নির্ভর করে, একটি ল্যাব একটি একক উপকরণে প্রতিদিন ১০০০ থেকে ২০০০ পর্যন্ত ফলাফল প্রকাশ করতে পারে, সুবিধাগুলির জন্য নমনীয়তার সাথে যথেষ্ট পরিমাণে বহিঃপ্রকাশ করার জন্য আরও মডিউল যুক্ত করতে পারে। সিপিসি আরও একটি অ্যান্টিবডি পরীক্ষার সমাধান প্রবর্তন করার পরিকল্পনা করছে যা এলিসা ভিত্তিক, যা আইসিএমআর অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। জার্মানির ইউরোইমিউনএজি দ্বারা তৈরিএলিসা পরীক্ষাগুলি উৎসর্গীকৃত ইউরোইমিউন বিশ্লেষক ছাড়াও যে কোনও স্বয়ংক্রিয় এলিসা প্রসেসর বা এলিসারিডারের মধ্যে প্রোগ্রাম করা যেতে পারে। এই পরীক্ষাগুলি যথাক্রমে ৯৯.৩ শতাংশ এবং ৯০.৫ শতাংশ এর সুনির্দিষ্টতার সাথে আইজিজি এবং আইজিএর জন্য যথাক্রমে ৯৩.৮ শতাংশ এবং ১০০ শতাংশ এর উচ্চ সংবেদনশীলতা প্রস্তাব করে।

কমিউনিটি বা সামাজিক স্ক্রিনিং এবং নজরদারি করার ক্ষেত্রে অ্যান্টিবডি পরীক্ষাগুলি অত্যন্ত মূল্যবান। এগুলি রোগ নিরীক্ষণের একটি গুরুত্বপূর্ণ উপকরণ এবং এগুলি ব্যাপকভাবে আরটি-পিসিআর পরীক্ষার পরিপূরক। রাপিড টেস্টগুলির মতো গুণগত মান না হলেও, সিপিসি'র সিএলআইএএবং এলিসা টেস্টগুলি অর্ধ-পরিমাণগত মান সরবরাহ করে। এই বৈশিষ্ট্যটি থেরাপির জন্য প্লাজমার উপযুক্ততা (সেই ব্যক্তির থেকে যিনি সেরে উঠেছেন) মূল্যায়নের জন্যও কার্যকর।

# পিএম কেয়ারস ফান্ডে ২১ কোটি অনুদান দিয়েই ২ হাজার কর্মীকে ছাঁটাই ইন্ডিয়া বুলসের

**নয়াদিল্লি, ২৫ মে:** করোনার বিরুদ্ধে লড়াইয়ে পিএম কেয়ারস ফান্ডে ২১ কোটি টাকা অনুদান দিয়েছে ইন্ডিয়া বুলস। আর তারপরেই সংস্থার ২ হাজার কর্মীকে বিনা নোটিসে ছাঁটাই করেছে তারা।ইন্ডিয়া বুলসের ছাঁটাই হওয়া কর্মীদের অভিযোগ, হোয়াটসঅ্যাপ কলে আচমকাই তাঁদের বরখাস্ত করেছে ইন্ডিয়া বুলস হাউজিং ফিনান্স কোম্পানি। সংস্থার এই অবিবেচনা নিয়ে সোশ্যাল মিডিয়া তোলপাড়। যে ইন্ডিয়া বুলস করোনা মোকাবিলায় প্রধানমন্ত্রী মোদীর পিএম কেয়ারস ফান্ডে কয়েক কোটি টাকা অনুদান করে, তারাই কীভাবে বিনা নোটিসে হাজার হাজার কর্মীকে ছাঁটাই করে দেয়! তাই নিয়ে প্রশ্ন তুলেছেন সংস্থার কর্মীদেরই বড় অংশ। বরখাস্ত হওয়া কর্মীদের ক্ষোভ, এই সঙ্কটের সময় কোথায় চাকরি খুঁজবেন তাঁরা? এখন পরিবারের অন্ন সংস্থানই সমস্যার হয়ে দাঁড়িয়েছে। অনেকেই টুইটারে জানান, তাঁরা পরিবারের একমাত্র উপার্জনকারী। আচমকা ছাঁটাইয়ের জেরে পরিবার নিয়ে প্রায় পথে বসার উপক্রম।প্রায় ২৬ হাজার কর্মী কাজ করতেন ইন্ডিয়া বুলস হাউজিং ফিনান্সে। জানা গিয়েছে, এঁদের মধ্যে অন্তত ২ হাজার কর্মীকে চাকরি ছাড়তে নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। সংস্থার দাবি, প্রত্যেক আর্থিক বর্ষে পারফরমেন্স রিভিউ করে ১০ থেকে ১৫ শতাংশ কর্মীকে ছাঁটাই করার নিয়ম তাদের নতুন নয়। যদিও কর্মীদের অভিযোগ ভিন্ন। বরখাস্ত হওয়া কর্মীরা টুইটারে জানাচ্ছেন, কোনও নোটিস ছাড়া শুধু একটা হোয়াটসঅ্যাপ কলে তাঁদের পদত্যাগ করতে বলা হয়। ৩১ মে-র মধ্যে ইস্তফা দেওয়ার কথা বললেও ওই মাসের বেতন কিংবা কোনও প্যাকেজের কথা বলা হয়নি। এর মধ্যে বহু কর্মীর পারিশ্রমিকও ৩০ শতাংশ পর্যন্ত কমিয়ে দেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে।

# পড়তি সুদ চাপ বাড়াবে সাধারণ মানুষের সঞ্চয়ে

**নয়াদিল্লি, ২৫ মে:** গত সপ্তাহ শুরু হয়েছিল মোদী সরকারের শেষ দফার ত্রাণ প্রকল্পের কাটাছেঁড়া দিয়ে। আর শেষ হল রিজার্ভ ব্যাঙ্কের সুদ কমানোর ঘোষণায়। তার মধ্যেই বুধবার ঘূর্ণিঝড় আমপানের দাপটে যখন লন্ডভন্ড রাজ্য, তখন কিছুটা নিঃশব্দে আর্থিক প্যাকেজের একগুচ্ছ প্রস্তাব পাশ করেছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। সেই সঙ্গে আরও একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে তারা। যার প্রভাব সরাসরি পড়বে সুদ নির্ভর বয়স্ক মানুষের উপরে। সেটি হল, প্রধানমন্ত্রী বয়ো বন্দনা যোজনার সময়সীমা ২০২৩ সালের ৩১ মার্চ পর্যন্ত বাড়ানো। তবে ৮ু থেকে কমিয়ে আনা হয়েছে প্রকল্পটির সুদ। চলতি বছরের জন্য তা ধার্য করা হয়েছে ৭.৪ু। আগামী দিনে ১০ বছরের এই প্রকল্পের সুদ স্থির হবে প্রতি অর্থবর্ষে। যাঁরা ঝুঁকিহীন সুদ নির্ভর প্রকল্পে লগ্নি পছন্দ করেন, তাঁদের কাছে এটা ভাল খবর নয়।করোনার ধাক্কায় জেরবার অর্থনীতিকে চাঙ্গা করতে টানা পাঁচ দিন ধরে ত্রাণ প্রকল্প ঘোষণা করেছে সরকার। সেই সঙ্গে চতুর্থ দফার লকডাউনে ধাপে ধাপে ছাড় দেওয়া হয়েছে বেশ কিছু ক্ষেত্রকে। পর্যায়ক্রমে শুরু হচ্ছে গণপরিবহণ। তবে বাজারের আশা ছিল ত্রাণ প্রকল্পে এমন কিছু থাকবে, যা সূচকের পালে গতি ফেরাবে। কিন্তু প্রকল্পের বিশ্লেষণ করে মুষড়ে পড়েছেন লগ্নিকারীরা। ফলে সোমবার ধস নামে বাজারে। এক ধাক্কায় সেনসেক্স পড়ে যায় ১০৬৯ পয়েন্ট (৩.৪৪ শতাংশ)। কোনও মতে থেকে যায় ৩০ হাজারের উপরে। এ দিকে, অর্থনীতিকে চাঙ্গা করতে শুক্রবার ফের এক দফা সুদ কমিয়েছে রিজার্ভ ব্যাঙ্ক। ৪০ বেসিস পয়েন্ট কমিয়ে রেপো রেটকে নামিয়ে আনা হয়েছে ৪ শতাংশে। এতেও খুশি নয় বাজার। শুক্রবার সেনসেক্স নেমেছে ২৬০ পয়েন্ট। নিফ্টি ৬৭ পয়েন্ট। বিশেষজ্ঞেরা বলছেন, সরাসরি মানুষের হাতে টাকা দিয়ে চাহিদা বাড়ানোর বদলে ঋণের কথাই বেশি রয়েছে কেন্দ্রের প্যাকেজে।

1.N.I.Q. No:- A.E./K.E.S.D./ 10/KLY of 2020-21
2.Name of work:- Installation of Electrical fittings &SITC of Split type AC at JNM Hospital Lab forCovid-19 Test---- Supply and fixing of Electricalfitting-fixtures and accessories.
3.Last Date of Permission:-02.06.2020 Up to 12.00 P.M.
4.Date of opening:- 02.06.2020 opened at 3.00 P.M.
Sd/-
Assistant Engineer (PWD)
Kalyani Electrical Sub-Division

মাইথন অ্যালোয়েজ লিমিটেড
CIN:L27101WB1985PLC039503
রেজি অফিস-'আইডিয়াল সেন্টার' পঞ্চম তল, ৯ এ জে সি বোস রোড, কলকাতা-৭০০ ০১৭
E-mail:office@maithanalloys.com, website: www.maithanalloys.com
Ph:033-4063-2393 Fax:033-2290-0383

বিজ্ঞপ্তি

২০১৩ সালের কোম্পানি আইনের ক্ষেত্রীয় তালিকাভুক্ত চুক্তির ১২৪ (৬) ধারা অনুসারে এবং এর সঙ্গে পঠনীয় রুল ৬(৩) অনুসারে সদস্যদের উদ্দেশ্যে বিজ্ঞাপিত করা হচ্ছে যে সমস্ত শেয়ার হোল্ডারদের ইক্যুইটি শেয়ারের লভ্যাংশ দাবিহীন/অথবা অপ্রদত্ত অবস্থায় সাত বছর যাবৎ পড়ে রয়েছে সেই সমস্ত শেয়ার নিয়ম অনুসারে বিনিয়োগ শিক্ষা এবং সুরক্ষা তহবিল কর্তৃপক্ষের নিকট (আইইপিএফের) স্থানান্তরিত করা হবে।

যে সমস্ত সদস্যরা বিগত সাত বছর যাবৎ শেয়ারের লভ্যাংশের দাবি জনান নি সেই সমস্ত শেয়ার হোল্ডারগণ লিখিতভাবে দাবি জানাতে পারেন মাইথন অ্যালোয়েজ লিঃ, ৫ম তল, আইডিয়াল সেন্টার, ৯ এ.জে.সি বোস রোড, কলকাতা ৭০০০১৭ (ই-মেল-investor@maithanalloys.com) অথবা আমাদের রেজিস্টার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট মেসার্স মহেশ্বরী ডাটামেটিক্স প্রাঃ লিঃ,ষষ্ঠ তল, ২৩ আর এন মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১ ঠিকানায়, শেয়ার হোল্ডাররা দ্রুততার সঙ্গে দাবি জানান, অন্যথায় কোম্পানির তরফ থেকে রুলস মোতাবেক ইক্যুইটি শেয়ার আইইপিএফ অ্যাকাউন্টে স্থানান্তরিত করবে।

উক্ত সদস্যদের একটি তালিকা অথবা ডিপিআইডি-ক্লাইন্ট আইডি কোম্পানির ওয়েবসাইটে www.maithanalloys.com পাওয়া যাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য।

কোম্পানি আইপিএফ অ্যাকাউন্টে শেয়ার স্থানান্তরিত করার পূর্বে নির্ধারিত রুলস মোতাবেক শেয়ার হোল্ডারগণ তাদের দাবি জানান।

মাইথন অ্যালোয়েজ লিমিটেডের পক্ষে
রাজেশ কে শাহ
কোম্পানি সেক্রেটারি
স্থান : কলকাতা
তারিখ: ২৩ মে, ২০২০

# প্রয়োজনের তুলনায় অর্ধেক শ্রমিক স্পেশাল ট্রেন বরাদ্দ করেছে রেল , টুইটে পীযূষ গোয়েলকে তোপ ঠাকরের

**স্টাফ রিপোর্টার:** শ্রমিক স্পেশাল ট্রেন চালানো নিয়ে রেলের সঙ্গে রাজ্যগুলির মতবিরোধ মিটছে না বাংলা, ঝাড়খণ্ড, ছত্তীসগড়, রাজস্থানের পর এবার সেই তালিকায় নতুন সংযোজন মহারাষ্ট্র রাজ্যের জন্য কম ট্রেন বরাদ্দ করা হচ্ছে, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী উদ্ধব ঠাকরের এই অভিযোগের জবাব দিতে গিয়ে টুইটারে তাঁর সঙ্গে রীতিমতো তরজায় জড়ালেন রেলমন্ত্রী পীযূষ গোয়েল রবিবার রাজ্যবাসীর উদ্দেশ্যে বার্তা দিতে গিয়ে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, পরিযায়ী শ্রমিকদের বাড়ি পাঠানোর জন্য তাঁরা দৈনিক ৮০টি স্পেশাল ট্রেন দেওয়ার দাবি জানিয়েছিলেন তার জায়গায় রেল বরাদ্দ করেছে মাত্র ৪০টি ট্রেন। কিছুক্ষণের মধ্যেই টুইটারে পাল্টা দাবি করে রেলমন্ত্রী লেখেন, রাজ্যগুলির দাবি অনুযায়ী ট্রেন পাঠাতে তৈরি রেল।

# কোভিড-১৯ প্রতিরোধে ১,১৩,০৭৬ টি ফেস মাস্ক ও ৮,১৯৬ লিটার হ্যান্ড স্যানিটাইজার তৈরি করেছে দক্ষিণ-পূর্ব রেল





*দক্ষিণ-পূর্ব রেল ফেস মাস্ক ও স্যানিটাইজার ঘরে তৈরি করছে।*

কলকাতা, ২৫ মে : কোভিড-১৯ মহামারী বৃদ্ধির পরিপ্রেক্ষিতে দক্ষিণ পূর্ব রেল চারটি বিভাগে পুনরায় ব্যবহারযোগ্য ফেস মাস্ক এবং হ্যান্ড স্যানিটাইজার উৎপাদন করতে সর্বাত্মক প্রচেষ্টা তৎপর করেছে খড়গপুর, আদ্রা, রাঁচি এবং চক্রধরপুর পাশাপাশি খড়গপুর কর্মশালায়। দক্ষিণ-পূর্ব রেলের মেডিকেল বিভাগের কঠোর তদারকি ও গাইডেন্সিতে মাস্কস এবং স্যানিটাইজার প্রস্তুত করা হচ্ছে। দক্ষিণ-পূর্ব রেল এবং খড়গপুর কর্মশালার সমস্ত বিভাগীয় ইউনিট তাদের মেশিনারিগুলি গিয়ার করার জন্য বড় উদ্যোগ নিয়েছে এবং এ পর্যন্ত মোট ১,১৩, ০৭৬ পুনরায় ব্যবহারযোগ্য ফেস মাস্ক এবং ৮,১৯৬ লিটার হ্যান্ড স্যানিটাইজার তৈরি করেছে। কর্মচারীদের ব্যাপক সহায়তার জন্য, দক্ষিণ পূর্ব রেল মহামারী থেকে তাদের সুরক্ষা নিশ্চিত করার জন্য মালবাহী, পার্সেল এবং বিশেষ ট্রেন চালানোতে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মীদের মতো সামনের সারির কর্মীদের মধ্যে পুনরায় ব্যবহারযোগ্য ফেস মাস্ক এবং হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করেছে। দক্ষিণ-পূর্ব রেলের সমস্ত কর্মচারীদের হাতে মাস্ক এবং হ্যান্ড স্যানিটাইজার বিতরণেরও পরিকল্পনা করা হয়েছে। উপরেরগুলি ছাড়াও, মাস্ক এবং স্যানিটাইজারকে দক্ষিণ-পূর্ব রেলের মাধ্যমে স্বাস্থ্য ইউনিট এবং হাসপাতালে প্রেরণ করা হচ্ছে। এই পরিস্থিতিতে, সারা দেশে ফেস মাস্ক পরা এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। মাস্কগুলি বেশিরভাগ ক্ষেত্রে সুতির কাপড়গুলি সমন্বয়ের জন্য স্ট্র্যাপ সহ ব্যবহার করা হচ্ছে এবং সঠিক ধোয়ার পরে পুনরায় ব্যবহার করা যেতে পারে। হাতের সংক্রামক এজেন্ট হ্রাস করতে সাধারণত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করা হয়। কোভিড-১৯ আক্রান্তদের চিকিৎসার সময় ডাক্তার, নার্স এবং স্বাস্থ্যসেবা কর্মীদের সহায়তার জন্য খড়গপুর ওয়ার্কশপ এবং এসইআর এর খড়গপুর বিভাগীয় ইউনিটে ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) কিটসের অভ্যন্তরীণ উৎপাদনও শুরু করা হয়েছে। দক্ষিণ-পূর্ব রেলের অভ্যন্তরীণ উৎপাদন কেবল সম্মুখ সম্মুখ কর্মী এবং স্বাস্থ্যসেবা কর্মীদের মাস্ক, স্যানিটাইজার এবং পিপিই সরবরাহ করতে পারে তা নয় তবে এতে ব্যয় সাশ্রয় হবে।

# লকডাউনের জেরে বেসামাল , বেনজিরভাবে কয়েক হাজার কর্মী ছাঁটাই করতে চলেছে আইবিএম

**স্টাফ রিপোর্টার:** করোনাভাইরাস ত্রাসে ত্রাহি রব বিশ্ব অর্থনীতির। লকডাউন পরিস্থিতি আরও ঘোরাল করে তুলেছে। এই অবস্থায় ব্যবসা বাঁচাতে কোথাও চলছে ছাঁটাই, আবার কোথাও বেতন কমিয়ে দেওয়া হচ্ছে কর্মীদের। এবার সেই প্রভাব সরাসরি এসে পড়ল বিশ্বের অন্যতম সেরা তথ্য প্রযুক্তি সংস্থা আইবিএম-এ। জানা যাচ্ছে, এই প্রথম চাকরি যাচ্ছে আইবিএম-এর হাজারেরও বেশি কর্মীর। প্রসঙ্গত সদ্যই সংস্থার সিইও পদে এসেছেন ভারতীয় বংশোদ্ভূত অরবিন্দ কৃষ্ণ।করোনা আবহে এই বিখ্যাত মার্কিন টেক জায়ান্টের পেনসিলভানিয়া, ক্যালিফোর্নিয়া, মিসৌরি এবং নিউইয়র্ক অফিসে কর্মরত বহু কর্মীর চাকরিতে কোপ পড়ছে বলে খবর। আর এই খবরে তোলপাড় পড়ে গিয়েছে সিলিকন ভ্যালিতে।আমেরিকার অন্তত পাঁচটি প্রদেশে আইবিএম ঠিক কত সংখ্যক কর্মীকে বসিয়ে দিচ্ছে তা অবশ্য পরিষ্কারভাবে ঘোষণা করা হয়নি। তবে সর্বভারতীয় ওয়েব পোর্টালের প্রতিবেদনে দাবি, সংখ্যাটা কয়েক হাজার।আইবিএম-এর ইতিহাসে এই প্রথম, বিপুল সংখ্যক কর্মী ছাঁটাই হচ্ছেন সংস্থার নয়া সিইও অরবিন্দ কৃষ্ণের আমলে। এপ্রিলেই আইবিএম-এর চিফ এক্সিকিউটিভ অফিসার হিসেবে দায়িত্ব নেন আইআইটি কানপুরের প্রাক্তনী অরবিন্দ কৃষ্ণ।কর্মী ছাঁটাই নিয়ে তাঁর কোনও প্রতিক্রিয়া না পাওয়া গেলেও আইবিএম-এর এক মুখপাত্র জানান, বর্তমানে ভয়ঙ্কর প্রতিযোগিতার বাজারে সংস্থার প্রয়োজন উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী। সংস্থার দীর্ঘমেয়াদি স্বার্থের কথা ভেবে কিছু কঠিন সিদ্ধান্ত নিতেই হবে। করোনা আবহে অভূতপূর্ব কঠিন পরিস্থিতির কথা মেনে নিয়েও সংস্থার বৃহত্তর স্বার্থে কিছু কর্মীর উপর প্রভাব পড়ছে বলে মন্তব্য করেন আইবিএম-এর মুখপাত্র। পাশাপাশি তিনি বলেন, ২০২১ সালের জুন পর্যন্ত ছাঁটাই হওয়া সমস্ত কর্মীর মেডিক্যাল কভারেজ জারি থাকবে।